তারিখ 26 SEP 2016
পৃষ্ঠা ৫ ... কলাম ...২...

সংবাদ

## মির্জাপুরে প্রাথমিক শিক্ষা বেহাল

# ৪০ প্রধানসহ ১০১ শিক্ষকের পদ শূন্য

প্রতিনিধি, মির্জাপুর (টাঙ্গাইল)

টাঙ্গাইলের মির্জাপুরে প্রাথমিক শিক্ষার আবস্থা বেহাল। উপজেলার প্রায় শতাধিক সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ১০১টি শিক্ষকের পদ শূন্য রয়েছে। এর মধ্যে ৪০টি প্রধান শিক্ষক এবং ৬১টি সহকারী শিক্ষকের পদ। এ অবস্থায় শিক্ষা বর্ষের প্রায় শেষ পর্যায়ে এসে শিক্ষা কার্যক্রম বিঘ্নিত হচ্ছে বলে জানা গেছে।

সংশ্লিষ্ট সূত্র জানায়, এ উপজেলায় ১৭০টি সরকারি প্রাথমিক বিদ্যালয় রয়েছে। এর মধ্যে অন্তত শতাধিক প্রাথমিক বিদ্যালয়ে ১০১টি শিক্ষকের পদ দীর্ঘদিন ধরে শূন্য রয়েছে। এর মধ্যে ৪০টি প্রধান শিক্ষক এবং ৬১টি সহকারী শিক্ষকের পদ বলে জানা গেছে। এই বিপুলসংখ্যক শিক্ষকের পদ শূন্য হওয়ায় বছরের শেষ পর্যায়ে এসে বিদ্যালয়গুলোতে শিক্ষা কার্যক্রম বিঘ্নিত হচ্ছে বলে জানা গেছে। উপজেলার পারদিঘী ও ছিটমামুদপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ে দুজন শিক্ষক দিয়ে চলছে শিক্ষা কার্যক্রম। নতুন জাতীয়করণকৃত প্রাথমিক বিদ্যালয়সহ ৪০টি প্রাথমিক বিদ্যালয়ে প্রধান শিক্ষক না থাকায় শ্রেণি কার্যক্রম ও বিঘ্নিত হচ্ছে।

বরাটি হাট সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক ও উপজেলা সরকারি প্রাথমিক বিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি সহিনুর রহমান খান বলেন তার স্কুলে ৪টি শিক্ষকের পদ শুন্য থাকায় পাঠদান বিঘ্নিত হচ্ছে। এজন্য দুই শিপ্টে ক্লাস নিতে হচ্ছে।

প্রাথমিক শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক আল মামুন খান, পারদিঘী সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক আবদুল কদ্দুছ, ছিটমামুদপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক আইয়ুব আলী খানও একই কথা বলেছেন।

উপজেলা শিক্ষা অফিসার খলিলুর রহমানের সঙ্গে যোগাযোগ করা হলে তিনি বলেন, উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট চাহিদা অনুযায়ী তালিকা পাঠানো হয়েছে। নিয়োগ প্রক্রিয়ার মাধ্যমে অচিরেই এই শিক্ষক স্বল্পতা দূর হবে। উপজেলা পরিষদের চেয়ারম্যান ও উপজেলা শিক্ষা কমিটির সভাপতি মীর এনায়েত হোসেন মন্টু বলেন, সরকার নতুন শিক্ষক নিয়োগ কার্যক্রম শুরু করেছেন। এতে অচিরেই এ উপজেলায় প্রাথমিক বিদ্যালয়ে যে শিক্ষক সংকট তা দূর হবে বলে তিনি উল্লেখ করেন।